

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। ডিএনডি ক্যানলের লে-আউট প্লানের কপি।
- ৩। কোটেশন দাখিলের জন্য ঠিকাদারকে চিঠি।
- ৪। ঠিকাদার হতে প্রাপ্ত দরের কপি।
- ৫। টেকনিক্যাল স্পেসিফিকেশন এর কপি।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

বিষয়: Supply, Installation and commissioning of Automation & Digitalisation equipment for SWTP (Lot-2).

০১। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র”ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটারের অধিক পরিশোধিত পানি ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইনের মাধ্যমে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন বিদ্যমান। যার মাধ্যমে প্রতিদিন ৪৫ কোটি লিটারের অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগর বাসীর নিকট সরবরাহ করা হয়। ডিএনডি খালের পানি প্রতিনিয়ত প্রি-ট্রিটমেন্ট করা হচ্ছে। পানি প্রি-ট্রিটমেন্ট এর পর পানির গুনগত মান স্ক্যাডা এর সাহায্যে সার্বক্ষণিক অনলাইন মনিটরিং করা প্রয়োজন। সার্বক্ষণিক অনলাইন মনিটরিং করা হলে পানির গুনগত মানের উপর ভিত্তি করে জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায়। তাই Real-Time Online Water Quality Monitoring System এর মালামাল গুলো ক্রয় করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে বর্তমান বাজার দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৯৮,০০০.০০২ (নয় লক্ষ আটানব্বই হাজার দশমিক শূন্য শূন্য দুই) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের Automation & Digitalisation (কোড নং-০২-০১-০০৭) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১১ এবং প্যাকেজ নং-G-49 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৭৮ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে Supply, Installation and commissioning of Automation & Digitalisation equipment for SWTP (Lot-2). শীর্ষক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর চতুর্থ অধ্যায় অংশ-১ এর ৭৮ ধারা অনুযায়ী ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৯,৯৮,০০০.০০২ (নয় লক্ষ আটানব্বই হাজার দশমিক শূন্য শূন্য দুই) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় সংশোধিত রাজস্ব বাজেটের Automation & Digitalisation (কোড নং-০২-০১-০০৭) খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০১.০৬.২৬
মুন্নত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

০১/০৬/২৬
মোঃ মশিউর রহমান হুজুগ
সহকারী প্রকৌশলী
সার পার শোর (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

০১-০৬-২৬
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

০১/০৬/২০২৬
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো মার্কেল, ঢাকা ওয়াসা।